# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৩২) চন্দ্র ও সূর্য গ্রহণের সালাত

## 32 ـ بَابُ صَلَاةِ الْكُسُوفِ

আরবী

2816 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا زَائِدَةُ بْنُ قُدَامَةَ قَالَ: حَدَّثَنَا زِيَادُ بْنُ عِلَاقَةَ قَالَ: سَمِعْتُ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ يَقُولُ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَوْمَ مَاتَ إِبْرَاهِيمُ ـ فَقَالَ النَّاسُ: إِنَّمَا انْكَسَفَتْ لِمَوْتِ إِبْرَاهِيمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ فَإِذَا رَأَيْتُمُوهَا فَادْعُوا وصلوا حتى تنجلي)
الراوي : الْمُغِيرَةَ بْن شُعْبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2816 | خلاصة حكم المحدث: صحيح ـ ((تخريج فقه السيرة)) (450)، ((جزء صلاة الكسوف)): ق.

বাংলা

২৮১৬. মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ছেলে ইবরাহিম রাদ্বিয়াল্লাহু আনহু যেদিন মারা যান, সেদিন সূর্য গ্রহণ লাগে। তখন লোকজন বলতে লাগে, “ইবরাহিম মারা যাওয়ার কারণে সূর্য গ্রহণ লেগেছে।” একথা শ্রবণ করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই চন্দ্র ও সূর্য আল্লাহর দুটি নিদর্শন; এরা কারো বেঁচে থাকা কিংবা মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। কাজেই যখন তোমরা এমনটা দেখতে পাবে, গ্রহণ না ছাড়া পর্যন্ত তোমরা দু‘আ করবে এবং সালাত আদায় করবে।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১০৬০; তাবারানী: ২০/১০১৪; মুসনাদ আহমাদ: ৪/২৪৯; সহীহ মুসলিম: ৯১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু ফিকহিস সীরাহ: ৪৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92146

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন